## দ্বিতীয় অধ্যায়


অধিকতর স্বাস্থ্য পরিষেবার জন্য মহিলারা সংগঠিত হন ২১
Women organize for better health care

আর কখনো নয়! একটি অকারণ মৃত্যু কীভাবে পরিবর্তন আনল ২২
Never again! How a needless death became a call for change

একে অপরের কাছ থেকে শেখা : Learning from each other ২৪

আলোচনা বোঝাপড়া গভীরতর করে : Discussion deepens understanding ২৭

একটি কর্মপরিকল্পনা তৈরি করুন : Make an action plan ৩০

প্রথম তৎপরতা : ক্লিনিকের কর্মচারীদের সঙ্গে সাক্ষাৎ ৩২
First action : Meet with clinic staff

তৎপরতা মূল্যায়ন : Evaluate the action ৩৩

তৎপরতা পরিকল্পনা পর্যালোচনা করুন : Revise the action plan ৩৪

দীর্ঘমেয়াদী পরিবর্তনের জন্য সংগঠিত হওয়া ৩৫
Organize for long-term changes

সমাজকে সংযুক্ত করার জন্য মিত্রদের সঙ্গে কাজ করা ৩৬
Work with allies to involve the community

সংগঠিত করা একটি প্রক্রিয়া : Organizing is a process **৩৯**

সংগঠনের অগ্রগতির জন্য তৎপরতা : Activities to advance organizing **৪১**

## দ্বিতীয় অধ্যায়
# নারীর স্বাস্থ্য সংগঠনে সমাজ
## Communities Organize for Women's Health




যখন সমাজের লোকেরা নারীদের স্বাস্থ্য উন্নয়নের কথা চিন্তা করেন, তারা প্রায়শ একজন নারী ব্যক্তিগতভাবে যেসব স্বাস্থ্য সমস্যার সম্মুখীন হন সেটার কথাই ভাবেন। সেটা অবশ্যই গুরুরত্বপূর্ণ। কিন্তু নারীদের স্বাস্থ্য উন্নয়নের অর্থ হচ্ছে একটি কমিউনিটিতে সমাজের সব মেয়ে ও মহিলাদের স্বাস্থ্যের ওপর যা প্রভাব ফেলে তাতে পরিবর্তন আনা। সমাজকে এই পরিবর্তনের মধ্যে আনতে হলে অনেকগুলি ধাপের মধ্যে দিয়ে যেতে হয়, প্রতিটি ধাপে ক্রমান্বয়ে অধিকসংখ্যক লোককে অন্তর্ভুক্ত করতে হবে। মহিলাদের স্বাস্থ্য উন্নয়নের জন্য একটি দল যখন সমন্বিতভাবে কাজ করেন তখন তাতে ব্যর্থতার সুযোগ থাকে কম। মহিলাদের স্বাস্থ্যের ব্যাপারে সমস্যা চিহ্নিত করার পর তা দূর করার মাধ্যমে সমাজের সবাই-ই উপকৃত হবেন।

### অধিকতর স্বাস্থ্য পরিষেবার জন্য মহিলারা সংগঠিত হন
### Women organize for better health care

এই অধ্যায়ে আমরা পেরুর একটি মহিলা সংগঠনের কথা বলব যারা মহিলাদের ভাল স্বাস্থ্য পরিষেবা পাবার লক্ষ্যে কাজ করেছে। যখন তারা সংগঠিত হতে শুরু



করে, অনেক পরিবারই সেসময় আন্দিজ পর্বতমালা এলাকা থেকে ভিলকাস (Vilcas) নামক গ্রামে ঠাঁই নিয়েছে। সেই এলাকার সশস্ত্র বিদ্রোহের কারণে তাদের ঘরবাড়ি এবং উৎপাদিত ফসল ধ্বংস হয়েছে এবং তাদের উদ্বাস্তু হতে বাধ্য করেছে। উদ্বাস্তুদের অধিকাংশ এসেছে আদিবাসী কোয়েচুয়া (Quechua) কমিউনিটি থেকে এবং তারা খুবই দরিদ্র। ভিলকাস-এর কমিউনিটি স্বাস্থ্যকেন্দ্র দরিদ্র হলেও আগত উদ্বাস্তুদের দেখভালের জন্য যতটা সম্ভব সেবা দিয়েছে। একজন মা যখন জটিল প্রসবের কারণে মারা যান, সেই মহিলার ধাত্রী এবং একজন বন্ধু সিদ্ধান্ত নিলেন যে, যত্নের অভাবে তাদের কমিউনিটিতে অনর্থক কোনো মহিলা যেন মারা না যান।

### আর কখনো নয়! একটি অকারণ মৃত্যু কীভাবে পরিবর্তন আনল
### Never again! How a needless death became a call for change




আদিবাসী অধিকাংশ মেয়ের মত সোনিয়ারও বেড়ে ওঠা আদিবাসী সমাজে এবং স্কুলে যাবার সুযোগও সে পায় নি। তার ভাই কয়েক বছর স্কুলে কাটিয়েছে। তবু সেই সূত্রে তারা স্প্যানিস ভাষায় লিখতে, পড়তে ও কথা বলতে শিখেছে। বাড়িতে তারা তাদের মাতৃভাষা কোয়েচুয়া (Quechua) ভাষায় কথা বলে। সোনিয়া ছোট বেলা থেকেই বুনন, রান্না, আলু চাষ, আলু তোলা ইত্যাদি কাজ শেখার পাশাপাশি পশুর যত্ন ও মাতৃভাষায় গান করতে শিখেছে।

১৬ বছর  বয়সে সোনিয়ার সঙ্গে বিয়ে হয় জর্জ-এর। তার দুটি মেয়ে ধাত্রীদের সহায়তায় বাড়িতেই জন্ম নিয়েছে। ১৯ বছর বয়সে সোনিয়া যখন তার তৃতীয় সন্তান নিয়ে ৭ মাসের গর্ভবতী তখন সেনাবাহিনী তাদের গ্রামে এসে লোকজনকে ভিলকাস নামে পেরুর একটি এলাকার দিকে চলে যেতে বাধ্য করে। সেনাবাহিনী তাদের খামার ধ্বংসই শুধু করেনি, সোনিয়ার একটি ভাইকেও হত্যা করে।

ভিলকাসে আসার পর সোনিয়ার সঙ্গে লুজ (Luz) নামে এক ধাত্রীর পরিচয় হয়। তিনি সোনিয়ার তৃতীয় সন্তানের জন্মে সহায়তা করতে রাজি হন। সোনিয়ার যখন প্রসব বেদনা উঠল, তার স্বামী দূরে কোথাও কাজের সন্ধানে ছিলেন। তার বোন সোনিয়ার সন্তানদের দেখাশোনার দায়িত্ব নিলেন। কিন্তু কয়েক ঘন্টা চেষ্টার পরও যখন সোনিয়ার প্রসব হলো না, ধাত্রী লুজ বুঝতে পারলেন কোথাও একটা সমস্যা আছে। সোনিয়া খুব দুর্বল হয়ে পড়েছিল এবং

পেটের বাচ্চাও নড়ছিল না। লুজ বুঝতে পারলেন সোনিয়াকে বাঁচাতে হলে তাকে কোনো স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যেতে হবে।

সোনিয়া আগে কখনো স্বাস্থ্য কেন্দ্রে যায় নি। সেখানে তার ভাষায় কেউ কথা বলে না। সোনিয়ারও অন্য ভাষা জানা নেই। লুজ সেখানে যাওয়া ভাল মনে করলেন না। কারণ ডাক্তার ও সেবিকারা কাউকে কখনো সেখানে নিয়ে গেলে তারা লুজ বা অন্যদের সমালোচনা করত।




তবু লুজ অনেক ভেবে সোনিয়াকে সেখানেই নিয়ে গেল। যাবার পর দেখা গেল ক্লিনিক বন্ধ। একসময় সেটি খোলার পর সোনিয়াকে ভেতরে নেয়া হলো। তারপরও দীর্ঘ অপেক্ষার পর তাকে একজন সেবিকা পরীক্ষা করলেন। তিনি সোনিয়াকে নিয়ে এত বেশি সময় অপেক্ষা করার জন্য লুজকে দোষারোপ করলেন। লুজ কিছু বললেন না কারণ তিনি নার্সের মেজাজ আরো খারাপ করতে চাইছিলেন না। তিনি শ্রদ্ধার সঙ্গে নার্সকে জিজ্ঞেস করলেন, সোনিয়াকে আশ্বস্ত ও শান্ত করার জন্য তিনি কি তার সঙ্গে থাকতে পারবেন? কিন্তু সেবিকা তাকে নিরুৎসাহিত করে স্বাস্থ্যকেন্দ্রে নিয়ম সম্পর্কে তাকে অবহিত করলেন। নিয়মে বলা আছে কোনো মহিলা রোগীর সঙ্গে থাকতে পারবেন না।

এটা শোনার পর সোনিয়া ভীত হয়ে পড়ল এবং বুঝতে পারল না কী ঘটতে চলেছে। উজ্জ্বলভাবে আলোকিত শীতাতপনিয়ন্ত্রিত একটি ঘরে সোনিয়াকে নিয়ে যাওয়া হল। মুখবন্ধনী পরা, দুর্বোধ্য স্প্যানিশ ভাষায় কথা বলা এক ব্যক্তির হাতে জন্ম নিল সোনিয়ার সন্তান। সোনিয়া তাকে দেখার আগেই জানতে পারল বাচ্চাটি বাঁচেনি। এরপর ডাক্তার অপেক্ষা কক্ষে গিয়ে সোনিয়ার স্বামীর খোঁজ করলেন। লুজ তাকে বলতে চেষ্টা করল যে, সোনিয়ার স্বামী চাকরির সন্ধানে বাইরে রয়েছে এবং সে সোনিয়ার ধাত্রী। কিন্তু ডাক্তার তার কথায় কোনো আমল দিলেন না লুজ-এর আসল পরিচয় ডাক্তারকে না-বলা পর্যন্ত। এরপর ডাক্তার লুজকে জানালেন যে, সোনিয়ার বাচ্চাটি মারা গেছে এবং তার প্রচুর রক্তক্ষরণ হচ্ছে। তিনি আরো বললেন, স্বাস্থ্যকেন্দ্রে সোনিয়াকে দেবার মত রক্ত নেই এবং তাকে এখান থেকে ৪-ঘন্টা দূরের এক হাসপাতালে পাঠাবার মত যানবাহনের ব্যবস্থাও নেই। লুজ যখন যানবাহনের ব্যবস্থা করার কথা ডাক্তারকে বলছিলেন, তখন এক সেবিকা এসে সোনিয়ার মৃত্যুসংবাদ দিল।

সোনিয়ার মৃত্যুসংবাদ শুনে লুজ খুবই দুঃখিত হলেন। একই সঙ্গে নিজের রাগও লুকোতে পারলেন না। তিনি জানেন পেরু দরিদ্র দেশ নয়, তথাপিও





অধিকাংশ গরিব পরিবার স্বাস্থ্য সেবা বা অন্য ধরনের সেবা পায় না। তিনি জানতেন সোনিয়ার মৃত্যু এড়ানো যেত এবং সম্ভবত বাচ্চাটাকেও বাঁচানো যেত। লুজ নানা কথা চিন্তা করতে করতে স্বাস্থ্যকেন্দ্র থেকে বের হয়ে এলেন। অবস্থা পরিবর্তনের কথা ভাবলেন যেন সোনিয়ার মত করে আর কাউকে এভাবে অকালে জীবন দিতে না হয়।

**একে অপরের কাছ থেকে শেখা : Learning from each other**


সোনিয়ার মৃত্যুর দুঃসংবাদ নিয়ে লুজ যখন গ্রামে ফিরে এলো জর্জ তখন তার এক বন্ধু, পলা-এর সঙ্গে ছিল। পলা ভিলকাসে হাই স্কুলের পড়া শেষ করে তরুণি মহিলাদের জন্য পরিচালিত এক 'লিডারশিপ কার্যক্রমে' অংশ নিয়েছিল। এখন পলা এবং জর্জ একটি অলাভজনক সংস্থায় কমিউনিটি স্বাস্থ্য প্রমোটার হিসেবে প্রশিক্ষণ নিচ্ছে। লুজ-এর কাছে সোনিয়ার মৃত্যু সম্পর্কিত সব ঘটনা শোনার পর পলা বলল, তার ধারণা ছিল সোনিয়ার মৃত্যুর কারণ জটিল কোনো কিছু। সোনিয়ার মৃত্যু-পরবর্তী ধর্মীয় কাজগুলি শেষ করার পর সোনিয়া ও তার মৃত শিশুর ব্যাপারে জর্জ আরো আলোচনা করার পরামর্শ দিল।




লুজ, জর্জ এবং পলা জানত – সরকার চায় সবার সন্তান স্বাস্থ্যকেন্দ্রে জন্মগ্রহণ করুক। তারা আরো বিশ্বাস করত যে, স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার ও সেবিকারা প্রত্যেক মহিলাকে সমান দৃষ্টিতে দেখেন এবং সম্মানজনকভাবে চিকিৎসা দেন–এমনকি তারা গরীব ও আদিবাসী হলেও। তারা আরো জানত

উপজাতীয় যেসব মহিলা দারিদ্র্যের মাঝে বাস করে এবং তাদের যেমন সম্পদের অভাব রয়েছে তেমনি মৌলিক অধিকার থেকেও বহুলাংশে বঞ্চিত। এদের অনেকেই ভোগান্তির জন্য ক্ষুব্ধ এবং কিছু একটা করার জন্য প্রস্তুত। পলা জেনেছে যে, এর জন্য সমস্যার গভীরতা পূর্ণাঙ্গভাবে জানা।

স্বাস্থ্যকেন্দ্রে মহিলাদের অভিজ্ঞতা সম্পর্কে আরো জানার জন্য তারা সমাজের অন্য মহিলাদের সঙ্গে কথা বলার সিদ্ধান্ত নেন। পরবর্তী কয়েক সপ্তাহ তারা বন্ধু ও প্রতিবেশীদের বাড়িতে যান এবং তাদের কথা শোনেন।




মহিলারা এ রকম বহু সমস্যার কথা বলেছেন যা থেকে বুঝা যায় যে, স্বাস্থ্য কেন্দ্র থেকে সেবা পাওয়া খুব কঠিন। রক্ত ও অন্যান্য সরবরাহ সময়মত না পাবার কারণে মারা যাওয়া সোনিয়া একমাত্র মহিলা নন। এবং লুনা একমাত্র মহিলা নন যিনি স্বাস্থ্য কেন্দ্রে যাওয়া পরিহার করেছেন কারণ তার মতে সেখানকার নার্স ও ডাক্তাররা সম্মান পাবার যোগ্য নন।

জর্জ এবং পলা বুঝতে পেরেছে যে, এসব ব্যাপারে পরিবর্তন আনতে হলে তাদেরকে অভিন্ন সমস্যায় ভুক্তভোগী সবাইকে নিয়ে একত্রিত হয়ে সমস্যার সমাধান বের করতে হবে। বিত্তবান মহিলারা সরকার পরিচালিত স্বাস্থ্য কেন্দ্রের ওপর নির্ভর করেন না। তারা প্রাইভেট ক্লিনিকে যান। সুতরাং একটি উন্নতমানের স্বাস্থ্যকেন্দ্র থেকে যারা উপকৃত হবেন তারা হলেন সকল বয়সের গরিব, আদিবাসী বা গ্রামীণ মহিলা। তারা সভা করার সিদ্ধান্ত নিলেন এবং যুবতী ও মহিলাদের তাদের অভিজ্ঞতা বিনিময় করার জন্য আহ্বান জানালেন যাতে একটা পরিবর্তনের মাধ্যমে ভাল স্বাস্থ্য সেবা পাওয়া যায়।



**সম্মিলিতভাবে কাজ করার জন্য একটি দল তৈরি করুন**
**Form a group to work together**

পলা সভা শুরু করল নিজের পরিচয় দিয়ে এবং উপস্থিত সবাইকে নিজ নিজ পরিচয় দিতে অনুরোধ করল। প্রথমে, সব মহিলাই অন্যদের সামনে নিজেদের পরিচয় দিতে লজ্জা পাচ্ছিলেন। তখন পলা প্রত্যেক মহিলাকে তার পাশের মহিলার কাছে নিজের চোখে দেখা কোন প্রসবের ঘটনা বা কারো মুখে শোনা ঘটনা বা পরিবারে ঘটে যাওয়া কোন ঘটনার কথা বলতে অনুরোধ করলেন। এরপর লুজ বললেন, সোনিয়ার জীবনে কী ঘটেছে।

সভা ডাকার আগেই জর্জ এবং পলা কয়েকজন মহিলার সঙ্গে তাদের স্বাস্থ্যকেন্দ্রের অভিজ্ঞতা সম্পর্কে কথা বলেছিলেন। সেই অভিজ্ঞতার কথা তারা আবারও সভায় বললেন। উপস্থিত মহিলারা এ পর্যায়ে জড়তা ভেঙ্গে নিজেদের অভিজ্ঞতা বিনিময় করতে শুরু করলেন।




মহিলারা সিদ্ধান্ত নিলেন তারা একটি দল গঠন করবেন এবং স্বাস্থ্যকেন্দ্রে মহিলাদের সেবার মান উন্নয়নের জন্য একত্রে কাজ করবেন। দলের জন্য কতটা সময় তারা দিতে পারবেন তা নিয়ে আলোচনা করলেন, এবং স্থির হলো সন্তানদের দেখাশোনা ও রান্নাবান্নার কাজ তারা ভাগ করে নেবেন যাতে সবাই সেবাকাজে অংশ নিতে পারেন। পলা সভার ব্যাপারে একটা প্রস্তাব করল যাতে সবাই নিজেদের মতামত পেশ করতে পারে। উদাহরণ হিসেবে বলা যায় : তারা এই মর্মে একমত হলো যে, প্রতিটি সভায় পর্যায়ক্রমে এক একজন আলোচনা এগিযে নেবেন। আরো সিদ্ধান্ত হলো যে তাদের দলের নাম হবে ‘ভিলকাস মহিলাদের কণ্ঠস্বর’ এবং সমাজের আরো অধিক সংখ্যক মহিলাকে তাদের সভায় অংশগ্রহণের আহ্বান জানানোর সিদ্ধান্ত নেয়া হয়।

সভার পর বাড়ি ফেরার পথে লুজ পলাকে বলল, ‘সভাটা সত্যি সুন্দরভাবে হয়েছে। সবাই কথা বলেছে এবং আমাদের উদ্দেশ্য অনেকখানি সফল হয়েছে।’ পলা ব্যাখ্যা করল, আগে থেকে ভালভাবে পরিকল্পনা করে নিলে সভা সবচাইতে ভালভাবে করা যায় :

- আগেভাগে প্রস্তাব (Agenda) তৈরি করা।
- দলের সদস্যদের সঙ্গে প্রস্তাবগুলি পর্যালোচনা ও প্রয়োজনীয় পরিবর্তন আনা।
- সভা পরিচালনার জন্য একজনকে বাছাই করা এবং কাউকে সময়ের হিসাব রাখার জন্য বলা।
- সভার নিয়মাবলীর ব্যাপারে একমত হওয়া।
- পরে সভায় আলোচিত বিষয়গুলি মূল্যায়ন করা।

একটি সফল সভা কীভাবে আয়োজন করতে হয় সে-সংক্রান্ত অধিকতর ধারণা নিয়ে আলোচনা করা হবে পরিশিষ্ট ‘খ’-তে।

| | | |
|---|---|---|
| স্বাস্থ্য কেন্দ্র আরামদায়ক নয় | রক্তক্ষরণ বন্ধের পর্যাপ্ত ওষুধ নেই | কোনো মহিলা ডাক্তার নেই |
| কর্মচারীরা ঐতিহ্য সম্পর্কে জানে না | কোনো এম্বুলেন্স নেই | রাতে বা ছুটির দিনে ডাক্তার থাকেন না |
| কর্মচারীরা সাধারণের সঙ্গে ভাল ব্যবহার করে না | জরুরি রক্ত সরবরাহ নেই | কোনো গাড়ি নিলে ভাড়া দিতে হয় |
| | কোনো সহকারী রাখতে দেয় না | |

### আলোচনা বোঝাপড়া গভীরতর করে : Discussion deepens understanding

‘ভিলকাস মহিলাদের কণ্ঠস্বর’ দলের সদস্যরা দল তৈরির কয়েক সপ্তাহ পর তাদের দ্বিতীয় সভার আয়োজন করে। লুজ সভা পরিচালনা করে এবং এই সভাতেও যেহেতু অনেক নতুন সদস্য ছিল সেজন্য পুনরায় সবাইকে নিজেদের পরিচিতি দেবার জন্য আহ্বান জানায়। এরপর তিনি স্বেচ্ছাসেবীদের প্রথম সভার আলোচিত বিষয়াবলী সংক্ষিপ্তভাবে উপস্থাপন করতে বলেন। পরে নবাগতদের কাছে তিনি তাদের স্বাস্থকেন্দ্রে গমনের ভিন্ন ধরনের অভিজ্ঞতা থাকলে তা বয়ান করতে অনুরোধ করেন। মহিলারা দেখে অবাক হলেন কত ভিন্ন ধরনের অভিজ্ঞতা তাদের হয়েছে। এসব সমস্যা কীভাবে সমাধান করতে হবে সে-বিষয়ে তারা নিজেরাই ভাবতে লাগলেন।

এই সমস্যা সমাধানে পলা কার্যকর কতক পদক্ষেপের কথা বললেন। তিনি সমস্যাগুলি আলাদা আলাদাভাবে কাগজে লিখলেন, তারপর সেগুলি দেয়ালে সেঁটে দিলেন। তারপর তিনি তাদের কাছে জানতে চাইলেন : এ ধরনের আরো কিছু সমস্যা থাকলে পাশাপাশি মিল রেখে সাজাতে। এ থেকে তারা সমস্যার গভীরতা বুঝতে পেরে সমাধানের পথ খুঁজে নেবে।



### আলোচনার জন্য সমস্যা চিহ্নিত করুন : Identify problems to focus on

বোর্ডে সাঁটানোর জন্য কাগজ লেখা শেষ হওয়ার পর তারা কী কী লিখেছে সেদিকে নজর দিল। তারা লক্ষ্য করল, অধিকাংশ সমস্যার মধ্যে রয়েছে হাসপাতালে সেবা নিতে গিয়ে মহিলাদের অস্বস্তিকর অবস্থায় পড়ার কথা, গরিব ও গ্রামীণ মহিলাদের প্রতি অবজ্ঞাসূচক আচরণ। অন্যান্য সমস্যার মধ্যে আছে স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসা উপকরণের স্বল্পতা। বিষয়টা অনুধাবন করে সবাই আলোচনা একমত হলো যে, এসব নিয়ে আলোচনা করা জরুরি এবং এ ব্যাপারে তাদের আরো অনেক কিছু জানতে হবে।




নিজেদের মধ্যে আলোচনার পর লুজ উপস্থিত মহিলাদের কাছে জানতে চাইলেন, এই সভার পর তারা কী ভাবছেন? সবাই স্বীকার করলেন তাদের কাছে আলোচনাপর্ব এবং সংশ্লিষ্ট তৎপরতা ভাল লেগেছে। তারা আরো বললেন, বিভিন্নজনের কথা থেকে মহিলাদের ভিন্ন ভিন্ন সমস্যার বিষয় তারা অনুভব করতে পেরেছেন যা আসলে বৃহত্তর সমস্যার দিকেই তাদের চোখ খুলে দিয়েছে। তারা এটাও বুঝতে পেরেছেন যে, স্বাস্থ্যকেন্দ্র আরামদায়ক করা এবং সবাইকে সেখানে সাদরে গ্রহণ করার গুরুত্ব অনেক।

এসব নিয়ে আলোচনার পর তারা গভীরভাবে অনুধাবন করলেন যে, এক্ষেত্রে পরিবর্তন আনার জন্য সমাজের অন্যান্যদের সঙ্গে মিলে একযোগে কাজ করতে হবে। পলা জানত এটা করতে অনেক সময় লাগবে, প্রয়োজন হবে আরো আলোচনার। সেজন্য দলের সদস্যরা স্বাস্থ্যকর্মী, পারিবারিক সদস্য, সমাজের নেতা, শিক্ষক এবং বিভিন্ন কমিউনিটি দলের সঙ্গে সংশ্লিষ্ট মানুষজনের সঙ্গে আরো আলোচনা করার সিদ্ধান্ত নিলেন।

## আরো তথ্য সংগ্রহ : Gathering more information




মার্কোস নামের একজন নার্সের সঙ্গে লুজ কথা বলল। তিনি একটি আন্তর্জাতিক সংস্থার হয়ে পেরুর সরকারের পক্ষে ভিলকাস এলাকায় কাজ করছেন নিরাপদ সন্তান প্রসবের জন্য।






লামিয়া একটি হাই স্কুলের ছাত্রী। সে কথা বলল মার্কোস নামে ইতিহাসের একজন শিক্ষকের সঙ্গে। তিনি দলীয় আলোচনায় তাদের বুঝাতে সক্ষম হলেন যে, স্বাস্থ্যসেবা পাবার মৌলিক অধিকার তাদের আছে।

## একটি কর্মপরিকল্পনা তৈরি করুন : Make an action plan

নিজেদের পর্যবেক্ষণের ভিত্তিতে দলটি নিয়মিত মিলিত হয়ে নিজেদের মধ্যে সমস্যাগুলি নিয়ে আলোচনা অব্যাহত রাখল। শেষ পর্যন্ত তারা গর্ভবতী এবং গ্রামীণ দরিদ্র মহিলারা যাতে উন্নত এবং সম্মানজনক সেবা পায় তার জন্য কিছু কৌশল নির্ধারণ করল। তারা কী করবেন সে-বিষয়ে একমত হলেন এবং করণীয়গুলি কার্যকর করার একটি কর্মপরিকল্পনাও ঠিক করে নিলেন।

**স্বল্প মেয়াদী এবং দীর্ঘমেয়াদী লক্ষ্য নির্ধারণ করুন।** এরপর দলটি চিন্তা করল তাদের স্বল্পমেয়াদী লক্ষ্য এবং দীর্ঘমেয়াদী লক্ষ্য কী হবে। তারপর তারা চিন্তা করল তাদের স্বল্প বা দীর্ঘমেয়াদী লক্ষ্যের ফলশ্রুতিতে মহিলারা কী ধরনের স্বাস্থ্য পরিষেবা পাবেন বা পরিশেষে কী ধরনের সাফল্য আসবে।

| লক্ষ্য | কী ধরনের সাফল্য আসবে |
|---|---|
| **স্বল্পমেয়াদী :**<br>স্বাস্থ্যকেন্দ্রের কর্মচারীরা গ্রামীণ সংস্কৃতি ও ঐতিহ্য সম্পর্কে জানেন ও সম্মান করেন। | গরিব মহিলারা স্বাস্থ্যকেন্দ্রে সন্তান জন্ম দেন কারণ :<br>- কর্মচারিরা আমাদের ভাষায় কথা বলেন।<br>- নিজেদের পোশাক পরতে পারি।<br>- শায়িত অবস্থায় সন্তান প্রসব করতে পারি<br>- একজন সঙ্গী নিয়ে স্বাস্থ্যকেন্দ্রে থাকতে পারি। |
| **দীর্ঘমেয়াদী লক্ষ্য :**<br>স্বাস্থ্যকেন্দ্র মহিলাদের সকল চাহিদা পূরণ করে।<br>এবং স্বাস্থ্যের ব্যাপারে তাদের অধিকার সমর্থন করে।<br>নিরাপদ মাতৃত্বের আবাস তৈরি করা হয়েছে এবং<br>কমিউিনিটি স্বাস্থ্যকেন্দ্র কর্তৃক সাসটেইনড, গর্ভবতী মহিলারা বিনামূল্যে সেবা পান। | সব বয়সী মহিলাদের জন্য পূর্ণাঙ্গ স্বাস্থ্য সেবা প্রদান করে।<br>ক্লিনিকের কাজের সময় আমাদের প্রয়োজনীয়তার সঙ্গে সমন্বিত।<br>প্রশিক্ষিত কর্মচারী সহ রক্তের পর্যাপ্ত সরবরাহ এবং সব সময়ের জন্য চিকিৎসা উপাদান ও যন্ত্রপাতির সরবরাহ।<br>নিরাপদ মাতৃত্ব আবাসন তৈরি করা হয়েছে। |

**প্রতিটি লক্ষ্য অর্জনে যথাযথ পরিকল্পনা করুন।** নিজেদের লক্ষ্য সম্পর্কে পরিষ্কার ধারণা থাকায় তাদের সংগঠনের কৌশল নির্ধারণ করা সহজ হয়ে যায়। কৌশলের মধ্যে আছে একগুচ্ছ পরিকল্পনা যা অনুসরণ করে চূড়ান্ত লক্ষ্যে পৌঁছুতে হয়। উদাহরণ হিসেবে বলা যায়, আপনি যদি কোন বিয়ের অনুষ্ঠানের জন্য রান্নার দায়িত্ব নেন, তাহলে আপনাকে ভাবতে হবে এই কাজে আরো কে

কে সহায়তা করবে, সস্তায় ভাল, পুষ্টিকর এবং মুখরোচক কোন ধরনের খাবার পরিবেশন করা হবে, কাকে কোন্ দায়িত্ব দেবেন ইত্যাদি। ভাল কৌশল অবলম্বন করে, আপনি আপনার মজাদার খাবার তৈরি করে লক্ষ্য অর্জন করতে পারবেন এবং যথাসময়ে তা পরিবেশনও করতে পারবেন।

ভিলকাস মহিলাদের দল প্রতিটি লক্ষ্য অর্জনে যেসব প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছেন সে বিষয় নিয়েও আলোচনা করেন। তারা মানুষ ও উপকরণে কাজে লাগানো সম্পর্কে আলোচনা করার পাশাপাশি যে-দক্ষতা ও জ্ঞান তাদের সহায়তা করবে সে-বিষয় নিয়েও কথা বলেন যা তাদের কাজের সহায়ক হবে।

এরপর তারা তালিকা ধরে একটি বিস্তারিত পরিকল্পনা তৈরি করেন যাতে কাজের বিবরণ এবং সম্পাদনের তরিখ লিপিবদ্ধ আছে। এরপর কাজগুলি বিভিন্ন জনের মধ্যে ভাগ করে দেয়া হয় যেন প্রতি দলের মহিলাদের একটা ভূমিকা থাকে। কাজ কতটা এগিয়েছে সেটা পর্যালোচনা করার জন্য মাঝে মাঝে তারা সভায় মিলিত হতে মনস্থ করলেন।

- **আমরা কী করতে যাচ্ছি এবং কেন?**
- **আমরা কোন্ পদক্ষেপ নেব?**
- **এসব কাজ করার জন্য আমাদের কী ধরনের উপকরণ দরকার হবে?**
- **এসব কাজ আমরা কাদের সঙ্গে করব?**
- **কাজটা যাতে ঠিকমত করা হয় সেটা নিশ্চিত করার দায়িত্ব কার?**
- **কাজটা ঠিকমত হলে আমরা কী আশা করতে পারি? পরিকল্পনাটা ঠিকমত কাজ করছে সেটা আমরা বুঝব কেমন করে?**




ভিলকাস মহিলা কণ্ঠ (Vilcas Women's Voice) ঠিক করল তাদের প্রথম পদক্ষেপ হবে স্বাস্থ্যকেন্দ্রের পরিচালক ডা. মিলিয়া (Dr. Milia)-এর সঙ্গে দেখা করা। তারা ঠিক করল, তাদের সংগৃহীত তথ্যগুলি ডা. মিলিয়ার কাছে উপস্থাপন করা হবে এবং তাদের স্বল্পমেয়াদী লক্ষ্য অর্জনে স্বাস্থ্যকেন্দ্রে কিছু পরিবর্তন



আনয়নের কথা বলবে যার মধ্যে আছে তাদের ঐতিহ্যকে সম্মান দেখানো। তাদের প্রত্যাশা ছিল যদি তারা স্বচ্ছ বার্তা নিয়ে একটি দল হিসেবে সেখানে যায়, ডা. মিলিয়া সেটা বুঝবেন এবং তাদের প্রস্তাব গ্রহণ করবেন।

দলটি সভা করার জন্য ৫ জন মহিলা নিয়ে একটি কমিটি করার সিদ্ধান্ত নিল। তারা পলাকে কমিটি সমম্বয় (Coordinator) এবং তমাসাকে প্রস্তাব পেশ করার দায়িত্ব দিল। অন্যান্য আরো কয়েকজনকে যথাক্রমে তরুণদের কাজে লাগানোর প্রয়োজনীয়তা, প্রসবপূর্ব যত্ন (Prenatal care) এবং জরুরি স্বাস্থ্যসেবা সম্পর্কে বক্তব্য রাখার জন্য নির্বাচন করল।

**প্রথম তৎপরতা : ক্লিনিকের কর্মচারীদের সঙ্গে সাক্ষাৎ**
**First action : Meet with clinic staff**

লুজ (Luz) জানত মারিয়ার সঙ্গে ডা. মিলিয়া (Dr. Milia)-এর ভাল সম্পর্ক আছে। তাই তিনি মারিয়াকেই সভার উদ্যোগ নেবার জন্য অনুরোধ করলেন। মারিয়া রাজি হলো এবং ২ সপ্তাহ পর ভিলকাস মহিলা কণ্ঠস্বর সংগঠনের একটি কমিটি ডা. মিলিয়ার সঙ্গে স্বাস্থ্যকেন্দ্রে সাক্ষাৎ করল। মারিয়া উক্ত সভায় নার্স ফ্লোরাকেও আমন্ত্রণ জানিয়েছিলেন। পলার অনুরোধে লুজ কমিটির পক্ষে তাদের বক্তব্য রাখা শুরু করল সোনিয়ার করুণ মৃত্যুর ঘটনা বলে। তারপর পলা বলল, কেন ভিলকাস মহিলা কণ্ঠস্বর সমিতি গঠন করা হয়েছে। আরো দুইজন তাদের গল্প বলল এবং সবশেষে তোমাসা সেবা উন্নয়নের সপক্ষে তাদের প্রস্তাব পেশ করল।


মহিলারা যখন কথা বলছিলেন ডা. মিলিয়া এবং নার্স ফ্লোরা ততই অসহিষ্ণু হয়ে উঠছিলেন। তোমাসার কথা শেষ হবার পর ডা. মিলিয়া বললেন, তাদের সেবাকেন্দ্রের ব্যবস্থাপনা নিয়ে অসন্তুষ্টির জন্য তিনি দুঃখিত। তাদের সব ব্যাপার নিয়ে কথা বলার সময় তার নেই। নার্স ফ্লোরা বললেন, আসল সমস্যা হলো অনেকে নিয়ম মানতে চান না। তিনি লুজ এবং অন্যান্য ধাত্রীদের সমালোচনা করলেন এই বলে যে, তারা যথেষ্ট দেরিতে গর্ভবতী মহিলাদের কেন্দ্রে নিয়ে আসেন যখন সঠিকভাবে সন্তান প্রসবের উপায় থাকে না।

এটা শোনার পর পলা বলল, স্বাস্থ্যকেন্দ্রের যা নিয়ম তা মহিলাদের স্বাস্থ্য অধিকার অস্বীকার করার সামিল। ডা. মিলিয়া ক্রুদ্ধ হয়ে বললেন, স্বাস্থ্যকেন্দ্রের নিয়ম-কানুন আসল সমস্যা নয়। তিনি বললেন, সরকারি সহায়তা ও উপকরণ সহায়তা ছাড়া তার পক্ষে এই কেন্দ্রে পরিচালনা করতে কঠিন পরিস্থিতির মোকাবিলা করতে হচ্ছে। এই বলে তিনি সভার সমাপ্তি ঘোষণা করলেন।




**তৎপরতা মূল্যায়ন : Evaluate the action**

ভিলকাস মহিলা কণ্ঠস্বর অনুভব করল তাদের তৎপরতা ব্যর্থ হয়েছে। তারা তথ্য সংগ্রহ এবং দরিদ্র ও গ্রামীণ মহিলাদের সমস্যা অনুধাবনে যথেষ্ট ভাল করেছেন। তারা অনুভব করলেন তাদের বিষয়টা শক্তিশালী, তথাপি সভাটা আকস্মিকভাবে শেষ হয়ে যায় এবং তারা যে তিমিরে ছিলেন সেই তিমিরেই রয়ে গেছেন। তাদের পরবর্তী সভায় তোমাসা ঘটনাগুলি আবার মূল্যায়ন করতে বললেন এবং ব্যক্তিজীবনে ঘটনাগুলি কীভাবে ঘটতে পারত তা ভাবতে বললেন।






**তৎপরতা পরিকল্পনা পর্যালোচনা করুন : Revise the action plan**

ডা. মিলিয়া এবং নার্স ফ্লোরার সঙ্গে অনুষ্ঠিত সভা মূল্যায়ন করে দলটির মনে হলো সভাটা একেবারে বৃথা যায়নি। তারা ডা. মিলিয়ার বক্তব্যের সূত্র ধরে তাদের পরিকল্পনা পর্যালোচনা করার এবং স্বাস্থ্য পরিষেবার অধিকারের ওপর জোর দেয়ার সিদ্ধান্ত নিলেন। বিষয়টি নিয়ে আলোচনার পর তারা পরবর্তী পদক্ষেপ ঠিক করলেন। সিদ্ধান্ত হলো যে, তারা ডা. মিলিয়াকে এই বলে উদ্বুদ্ধ করবে যে, তারা যে-পরিবর্তন চাইছে তা স্বাস্থ্যকেন্দ্রকেও সমাজের চাহিদা পূরণে সহায়তা করবে। এজন্য তাদের প্রয়োজন সমমনা আরো কিছু মিত্র যারা ডা. মিলিয়াকে তাদের সঙ্গে আবার বসার জন্য আবার রাজি করাবে।

১. প্রক্রিয়া : আমরা কীভাবে একটি দল হিসেবে কাজ করব?
২. লক্ষ্য : আমরা কী অর্জন করতে চাই? আমরা কাদের প্রভাবিত করতে চাই?
৩. ফলাফল : কী ধরনের পরিবর্তন আমরা অর্জন করেছি?
৪. আমরা কীভাবে জানব যে পরিবর্তন হয়েছে?
৫. কোন্ বিষয়টা কাজ করেনি? এক্ষেত্রে কোন্ প্রতিবন্ধকতা ছিল? এসব প্রতিবন্ধকতা এড়ানোর জন্য আমরা কীভাবে সহায়তা করতে পারতাম?
৬. পরবর্তী সময়ে অধিকতর সাফল্যের জন্য আমরা কী করতে পারি?

**কমিউনিটি সংলাপের আয়োজন করুন**
**Organize a community conversation**

মিত্রদের সহায়তায়, মহিলাদের স্বাস্থ্য এবং ভিলকাস মহিলা কণ্ঠ স্বাস্থ্যকেন্দ্র সম্পর্কে একটি কমিউনিটি সংলাপের আয়োজন করল। তারা ভিলকাস গ্রাম সহ আশেপাশের গ্রামের ধাত্রী, স্বাস্থ্যকর্মী, স্বাস্থ্য সংগঠক এবং কমিউনিটি নেতাদের এই আলোচনা সভায় আমন্ত্রণ জানালেন।

মেয়র বললেন, সভার উদ্দেশ্য সমস্যার জন্য কাউকে দোষারোপ করা নয়, বরং স্বাস্থ্য কেন্দ্র যাতে স্বাস্থ্যকর্মী সহ সবার জন্য উপযোগী হয় তার পথ খুঁজে বের করা। সবার মধ্যে ঐকমত্য প্রতিষ্ঠার ব্যাপারে মেয়রের প্রচেষ্টা সত্ত্বেও, লোকদের মধ্যে ভিন্নতা রয়েই গেল। অতীত অভিজ্ঞতার কারণে কেউ কেউ মেয়র অথবা ডা. মিলিয়াকে বিশ্বাস করতে পারছিল না। অন্যরা মহিলাদের বক্তব্য শোনার ব্যাপারে প্রস্তুত ছিল না। কিছু লোক মহিলাদের, বিশেষ করে

কীভাবে এবং কখন সন্তান নিতে হবে সে ব্যাপারে অল্প বয়সী মহিলাদের কাছ থেকে শুনতে আগ্রহী ছিলেন না। তবু লোকেরা এটা মানল যে, গর্ভবতী মহিলাদের জীবন রক্ষার ব্যাপারটাকে অগ্রাধিকার দিতে হবে। শহরের বাজেটের বর্ধিত অংশ সেবা খাতের উন্নয়নে দেয়া হবে বলে মেয়র প্রতিশ্রুতি দিলেন। কৃষকদের সংগঠন ঘোষণা দিল যে, তাদের স্বেচ্ছাসেবীরা ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণের ব্যাপারে সহায়তা দেবে। শিক্ষকেরা স্বাস্থ্যশিক্ষা বিষয়ক উপকরণ প্রস্তুত করতে সাহায্য করার কথা দিলেন। স্থানীয় সামরিক শাখার একজন অফিসার জরুরি যানবাহন এবং নিরাপদ রক্ত সরবরাহের প্রতিশ্রুতি দিলেন।





## দীর্ঘমেয়াদী পরিবর্তনের জন্য সংগঠিত হওয়া
## Organize for long-term changes

পরবর্তী কয়েক সপ্তাহ এবং মাস ধরে ডা. মিলিয়া স্বাস্থ্যকেন্দ্রের অন্যান্য ডাক্তার ও নার্সদের মধ্যে বিষয়টা নিয়ে আলোচনা করলেন। সেই ডাক্তার ও নার্সরা হাসপাতালে কোনো ধরনের পরিবর্তন আনার বিপক্ষে ছিলেন। কিন্তু ভিলকাস মহিলা কণ্ঠস্বর-এর ব্যাপারটা সামনে চলে আসায় তাদের চিন্তাধারায় পরিবর্তন এলো। এর ফলে তাদের পেশাগত কাজে স্বাস্থ্য পরিষেবা (Health care) এবং জীবন রক্ষার ব্যাপারে একটা সচেতনতা দেখা দিল। তারা স্বীকার করলেন যে, তাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার উন্নতি হবে যদি তারা আদিবাসী বা গ্রামীণ দরিদ্র



## সমাজকে সংযুক্ত করার জন্য মিত্রদের সঙ্গে কাজ করা
## Work with allies to involve the community

পরবর্তী কয়েক সপ্তাহে ভিলকাস মহিলা কণ্ঠস্বর তাদের ধারণাসমূহ সহযোগী মিত্রদের সঙ্গে বিনিময় করল, যারা আগেও তাদেরকে সহায়তা করেছে।




মহিলাদের দৃষ্টিভঙ্গী বুঝতে পারেন। নার্স ফ্লোরা ডা. মিলিয়াকে প্রস্তাব করল, ভিলকাস মহিলা কণ্ঠস্বর-এর সদস্যদের স্বাস্থ্যকেন্দ্রে ডেকে এনে পরিবর্তনের জন্য তাদের প্রস্তাব নিয়ে সকলের সামনে আলোচনা হোক। ক্রমাগত আলোচনার মাধ্যমে ভিলকাস মহিলা কণ্ঠস্বর এবং স্বাস্থ্যকর্মীদের মধ্যে

পারস্পরিক বিশ্বাস স্থাপিত হলো। তারা কতগুলি সাধারণ লক্ষ্যে এবং প্রথম কিছু স্বল্পমূল্যের পরিবর্তনের ব্যাপারে একমত হলেন যেমন সমাজের মানুষের চাহিদার দিকে লক্ষ্য রেখে ক্লিনিকের সময় পরিবর্তন। তারা এমন কতক মহিলাদের নিয়োগ দিলেন যারা গ্রাম থেকে আসা সাধারণ মানুষদের চিকিৎসক ও নার্সদের কাছে পৌঁছাতে সহায়তা করবেন। দলের সদস্যরা ক্লিনিকের কর্মচারীর সঙ্গে কাজ করে তরুণী মহিলাদের কীভাবে অভ্যর্থনা করতে হবে তা শিখতে সহায়তা করলেন।

### সন্তান প্রসবের একটি নিরাপদ জায়গা
### A welcoming and safe place to give birth

ভিলকাস মহিলা কণ্ঠস্বর এবং কমিউনিটির স্বেচ্ছাসেবকরা স্বাস্থ্যকেন্দ্রে প্রসবকক্ষ রঙ করে জানালায় পর্দা টানিয়ে দিলেন। প্রসবের উপযোগী বিছানা তৈরি করলেন যাতে মহিলারা বিছানায় শায়িত অবস্থায় ঐতিহ্যবাহী নিয়মে (Traditional way) সন্তান প্রসব করতে পারেন। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, কোনো কোনো দেশের মহিলারা চেয়ারে আসীন অবস্থায় সন্তান প্রসব করতে স্বস্তি বোধ করেন এবং সেসব দেশে এটাই ঐতিহ্য। ডা. মিলিয়া নিয়ম পরিবর্তন করায় মহিলারা নিজস্ব পোশাক পরিধান ও নিজেদের খাবার খাওয়ার সুবিধা পেলেন। তাছাড়া জন্ম সহযোগী বা ধাত্রী এবং স্বজনদের উপস্থিত থাকার ব্যাপারেও তাদের ছাড় দেয়া হলো। নার্স ফ্লোরা পরিবর্তিত এসব নতুন নিয়ম-কানুনের ব্যাপারে ডাক্তার ও নার্সদের প্রশিক্ষণ দেয়ার দায়িত্ব নিলেন।

এসব কাজ সম্পন্ন হবার পর ডা. মিলিয়া কয়েকজন ধাত্রী ও লুজকে আমন্ত্রণ জানালেন পরিচিত কাউকে নিয়ে সন্তান প্রসবের জন্য। তিনি এটাকে ডাক্তার ও নার্সদের জন্য কমিউনিটি ঐতিহ্য সম্পর্কে জানার একটি উপায় হিসেবে দেখলেন। তিনি আরো জানতেন যে, এই ব্যবস্থা ধাত্রী, চিকিৎসক, নার্সদের একত্রে কাজ করতে উৎসাহিত করবে। তদুপরি, ধাত্রীদেরও নিরাপদ সন্তান প্রসবে নতুন কৌশল শেখার সুযোগ করে দেবে।

### কমিউনিটি স্বাস্থ্য কমিটি : The community health committee

কমিউনিটি সভার পরপরই, ভিলকাস মহিলা কণ্ঠস্বর একটি কমিউনিটি স্বাস্থ্য কমিটি গঠনে সহায়তা করে যার সঙ্গে যুক্ত ছিল নব্য যুবতি, বয়স্ক কমিউনিটি সদস্য, স্বাস্থ্যকর্মী, এবং স্থানীয় নেতারা। এই স্বাস্থ্য কমিটি স্বাস্থ্যকেন্দ্রের সঙ্গে কাজ করতে থাকে।





তাদের লক্ষ্য ছিল জরুরি কমিউনিটি পরিকল্পনা এবং নিরাপদ মাতৃত্ব আবাসন (Safe motherhood house) তৈরি করা যেন যেসব মহিলা দূরে থাকেন তারা সেখানে প্রসবের শেষ সপ্তাহে পরিবারসহ বাস করতে পারেন।

আন্তর্জাতিক সংস্থা কেয়ার (CARE)-এর সহায়তায়, উক্ত কমিটি সরকারকে অধিক সংখ্যক ডাক্তার পাঠাতে উদ্বুদ্ধ করে যেন স্বাস্থ্য কেন্দ্র ২৪ ঘন্টা খোলা রাখা যায় এবং জরুরি সময়ে মেডিকেল যন্ত্রপাতি ও রক্ত সরবরাহ পাওয়া যায়।

### সবার জন্য স্বাস্থ্য : Health for all

কমিউনিটির মহিলা ও স্বাস্থ্য কর্মীদের মধ্যে সম্পর্কে উত্তরোত্তর উন্নয়নের পর মহিলারা তাদের পুরো পরিবারকেই স্বাস্থ্য সেবার জন্য আনতে শুরু করেন। অধিক সংখ্যক মহিলাও তাদের স্বামীদের সঙ্গে প্রসবপূর্ব যত্ন (Prenatal care) এবং সন্তান প্রসব ছাড়াও সন্তানদের টিকার জন্য (Immunization) কেন্দ্রে আনতে শুরু করেন। পুরুষেরা স্ত্রীদের প্রসবপর্ব যত্নের ব্যাপারে অধিকতর যুক্ত হওয়ার পর, তারা নিজেদের স্বাস্থ্যের ব্যাপারে সচেতন হয়ে ওঠেন। স্বাস্থ্যকেন্দ্রের পরিবর্তনে তারা যেমন খুশি তেমনি নিজেদের প্রয়োজনেও তারা সেখানে যেতে শুরু করেন। স্বাস্থ্যকেন্দ্র মহিলাদের অধিকার (Women's right), সংস্কৃতি (Cultuire) এবং সম্মানকে (Dignity) মূল্য দিতে শুরু করায় অধিক সংখ্যক মহিলা স্বাস্থ্যকেন্দ্রে সন্তানের জন্ম দিতে আগ্রহী হয়ে ওঠেন। সময়ের প্রবাহে, সবার স্বাস্থ্য অধিকারের প্রতি নজর দেয়ায়, ভিলকাসে গর্ভবতী মহিলা এবং তদের সন্তানদের স্বাস্থ্যের নাটকীয় উন্নতি হয়। অন্যান্য মহিলা ও পুরুষদের ক্ষেত্রে এর প্রতিফলন দেখা দেয়।

### মহিলাদের কণ্ঠ এবং নেতৃত্ব : Women's voices and leadership

ভিলকাস-এর লোকেরা তাদের গ্রামে প্রতিবছর ভোট দেন যাতে তাদের এলাকার বাজেটে মহিলাদের স্বাস্থ্য কার্যক্রমের ওপর একটা সুনির্দিষ্ট অংশ বরাদ্দ পায়। এলাকার গভর্নরও একজন মহিলার জন্য একটি নির্বাচিত পদ সৃষ্টি করেছেন যেন তিনি মহিলাদের স্বাস্থ্য বিষয়ক স্বার্থ দেখাশোনা করতে পারেন। এর অর্থ হচ্ছে ভিলকাসের মহিলারা পর্যায়ক্রমে সেই পদের নেতৃত্ব দেন এবং মহিলা ও সমাজের উন্নয়নে সিদ্ধান্ত গ্রহণে তাদের একটা ভূমিকা আছে।

### অধিকতর চ্যালেঞ্জ : More challenges

ভিলকাস মহিলা কণ্ঠস্বর সমিতির অর্জন অনেক, কিন্তু তারপরও অনেক চ্যালেঞ্জ মোকাবেলা করার রয়েছে। দারিদ্র এবং এলাকা ছেড়ে চলে যাওয়া মহিলাদের

স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে একটি প্রতিবন্ধক হিসেবে রয়ে গেছে। মহিলারা যদিও সম্মান পাচ্ছেন, কতক লোক মনে করেন মহিলাদের কাজ হচ্ছে সন্তানদের দেখাশোনা করা। ভিলকাস মহিলা কণ্ঠস্বর মনে করে এই চলমান চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রয়োজন শক্তিশালী এবং কার্যকর সংগঠন।




**সংগঠিত করা একটি প্রক্রিয়া : Organizing is a process**

ভিলকাসের মহিলাদের অভিজ্ঞতা এটাই দেখিয়েছে যে, সমাজকে সংগঠিত করা একটি চলমান প্রক্রিয়া যাতে সাহস, সময় এবং ধৈর্য্য প্রয়োজন। এই কাজের প্রতিটি পর্বে নতুন উদাহরণ সৃষ্টির পাশাপাশি নতুন চ্যালেঞ্জ দৃশ্যমান হয়। মানুষকে এই নতুন ধারণা গ্রহণ করতে এবং তাতে অভ্যস্ত হতে সময় লাগতে পারে। এসবে মানুষের সংশ্লিষ্টতা যত বাড়বে দ্বন্দ্ব দেখা দেওয়ার সম্ভাবনাও বাড়তে পারে। কিন্তু লোকের সংখ্যাবৃদ্ধি অধিকতর সুযোগ সৃষ্টির সম্ভাবনা এবং নতুন ধারণার বিকাশ, নতুন সংগঠন সৃষ্টি ও দক্ষতার সুযোগ সৃষ্টি করতেও সহায়ক হবে।


ভিলকাস মহিলা কণ্ঠস্বর তাদের গঠন প্রক্রিয়ায় অনেকগুলি পর্যায় ও পর্ব অতিক্রম করেছে। তারা তৎপরতা চালিয়েছে এবং কোন নতুন পদক্ষেপ গ্রহণের আগে পূর্বের তৎপরতা রিফ্লেক্ট (Reflect) করেছে। তারা তাদের প্রক্রিয়া বারংবার অনুশীলন করেছে, এবং প্রতিটি পদক্ষেপে প্রতিবন্ধকতা এড়িয়ে সমস্যার গভীরতা অনুভব করে সম্ভাব্য সমাধানের চেষ্টা করেছে এবং একই সঙ্গে নতুন দক্ষতা অর্জন করে কিছু শেখার চেষ্টা করছেন।




ভিলকাস মহিলা কণ্ঠস্বর তাদের সংগঠিত হওয়ার পর্যায়ে বহু পদক্ষেপ ও পর্বের মধ্য দিয়ে গিয়েছে।

তাদের গৃহীত কতক পদক্ষেপ এখানে বর্ণিত হয়েছে :


**অভিজ্ঞতা থেকে শুরু : Start from experience**




**গড়ে তোলা এবং অভিজ্ঞতা মূল্যায়ন করা**
**Build on and analyze experience**





**তৎপরতার জন্য পরিকল্পনা : Plan for action**



**পদক্ষেপ নেয়া : Take action**




**পদক্ষেপ মূল্যায়ন এবং অভিজ্ঞতা রিফ্লেক্ট**
**Evaluate action and reflect on experience**




এ রকম পর্যায়ক্রমেই বহু মানুষ তাদের সমাজে সংগঠিত হন। কারণ এই পদক্ষেপগুলি বারবার অনুসৃত হয়, কতক সমাজ সংগঠক এটাকে বলেন স্পাইরাল পদ্ধতি (Spiral system)।

**সংগঠনের অগ্রগতির জন্য তৎপরতা : Activities to advance organizing**
এই বইতে বর্ণিত প্রতিটি পদক্ষেপে, সমাজকে সংগঠিত করার জন্য আপনি সামনে এগিয়ে যেতে পারবেন। কোন্ তৎপরতা আপনি ব্যবহার করবেন তা নির্ভর করবে আপনি কী অর্জন করতে চান তার ওপর।

**অভিজ্ঞতা দিয়ে শুরু করুন**। উদাহরণ হিসেবে বলা যায় :
* **কোনো একটা বিষয় নিয়ে** সংলাপ শুরু করুন।
দেখুন : পরিবার পরিকল্পনার সুবিধা আলোচনার জন্য ছবি ব্যবহার করুন (৭ম অধ্যায়ে বর্ণিত); এবং বর্ণিত পদক্ষেপ অনুসরণ করুন (৯ম অধ্যায়)।
* **মানুষকে অধিকতর আরাম পেতে সহায়তা** করে এমন বিষয় আলোচনা করুন যা জটিল।



দেখুন : জননগত এ্যাপ্রোন/Reproductive aprone (৪র্থ অধ্যায়); যৌন বিংগো/Sexual bingo (৪র্থ অধ্যায়); আমরা কোথায় আনন্দ পাই (৪র্থ অধ্যায়); কনডম নিয়ে খেলা (৫ম অধ্যায়); এবং গল্পের খেলা : দুটি পরিবারের গল্প (৭ম অধ্যায়)।
* **লোকে ইতিমধ্যে যা জানে তা উন্মোচন করা**
দেখুন : গোপন প্রশ্নমালা (৫ম অধ্যায়); সর্বাধিক ক্ষমতাশালী বনাম কম ক্ষমতাশালী (৬ষ্ঠ অধ্যায়); পরিবার পরিকল্পনার একটি বোর্ড খেলা (৭ম অধ্যায়); এবং লঘু উপহাস সহকারে অনুমাননির্ভর খেলা/A gussing game with skits : এটি একটি জরুরি অবস্থা (৮ম অধ্যায়)।
* **মানুষকে অধিকতর তথ্য পেতে সহায়তা করা এবং জ্ঞান বিনিময়**
দেখুন : সমাজে যৌনবাহিত সংক্রমণ (Sexually transmitted disease) প্রতিরোধ করার জন্য সম্পদ খোঁজা (৫ম অধ্যায়) স্থানীয় কর্তৃপক্ষের ভূমিকা ও কাজের দলগত অনুসন্ধান (৬ষ্ঠ অধ্যায়); নিরাপদ মাতৃত্বের একটি ম্যাপ (৮ম অধ্যায়); এবং জন্ম অভিজ্ঞতা সম্পর্কে একটি ফিসডবোল/A fisdhbowl about birth experience (৮ম অধ্যায়)।



[